গত ০৬-০২-২০১৮খ্রিঃ রোজ- মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের জানুয়ারী/২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৬-০২-২০১৮ খ্রিঃ ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার) যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
২.	জনাব মোঃ হুমায়ুন কবীর,অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৩.	জনাব হাফিজ আল ফারুক, সিনিয়র এসি (মোহাম্মদপুর জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
৪.	জনাব এবি এম জাকির হোসেন, সিনিয়র এসি (পল্লবী জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
৫.	জনাব ফজলুর রহমান, সিনিয়র এসি (শ্যামপুর জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
৬.	জনাব রুহুল আমীন সাগর, সিনিয়র এসি(এয়ারপোর্ট জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
৭.	জনাব মোঃ রুবাইয়াত জামান, সিনিয়র এসি (তেজগাঁও জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
৮.	জনাব মোঃ আরিফুল ইসলাম, সিনিয়র এসি (মতিঝিল জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
৯.	জনাব মোঃ সোহেল রানা, সিনিয়র এসি (ওয়ারী জোন) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
১০.	জনাব মোঃ ইকবাল হোছাইন, পিপিএম, সিনিয়র এসি (ডিবি-পূর্ব) । এডিসি পদে পদোন্নতি প্রাপ্ত
১১.	জনাব ইশতিয়াক হাসান আমীন, সিনিয়র এসি (ক্রাইম-১)
১২.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন) ।
১৩.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (মিরপুর জোন) ।
১৪.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন) ।
১৫.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (ক্রাইম-২) ।
১৬.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন) ।
১৭.	জনাব মোঃ আহসান খান, এসি (ধানমন্ডি জোন)
১৮.	জনাব মোঃ রফিকুল ইসলাম পিপিএম (সেবা), এসি (গুলশান জোন) ।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। রমনা মডেল থানার মামলা নং-০৪, তারিখ-০১/০১/১৮খ্রিঃ ধারা-৩৪২/৩৮৫/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে মামলার তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনাটি একজন রিক্সাচালককে তুলে নিয়ে হত্যা করার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে ।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। হাজারীবাগ থানার মামলা নং-১৩, তারিখ-১০/০১/১৮খ্রিঃ ধারা- ৩০২/২০১/৩৪ পিসি।

[**আলোচনা ঃ** অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা ভিকটিমকে হত্যা করে বুড়িগঙ্গা নদীতে ফেলে দেওয়ার ঘটনা। ভিকটিমকে সনাক্ত করা সম্ভব হয়নি। ভিকটিমের পরিচয় সনাক্তের জন্য ডিএনএ সংরক্ষণ ও ভিকটিমের ছবি ডিএমপি মিডিয়াতে প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের পরিচয় সনাক্ত পূর্বক মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। চকবাজার থানার মামলা নং-২৬, তারিখ-২৩/০১/১৮খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিম মাদকাসক্ত ও সোর্সের কাজ করতো। মাদককে কেন্দ্র করে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। মামলার ঘটনায় জড়িত ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ০১ জন আসামীকে শোন এরেস্ট দেখানো হয়েছে। গ্রেফতারকৃত ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। তাদের স্বীকারোক্তি মোতাবেক ঘটনায় মোট ১০ জন আসামী জড়িত ছিল বলে জানা যায়।

সিদ্ধান্ত ঃ (১) পলাতক অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। খিলগাঁও থানার মামলা নং-৬৩, তাং-২৪/০১/১৮খ্রিঃ ধারা-৩৬৪/৩৮৫/৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি একটি ১৪ বছরের শিশুকে হত্যা করে লাশ মাছের খামারে ফেলে দেওয়ার ঘটনা। মামলার এজাহারনামীয় ০২ জন আসামী র‌্যাব কর্তৃক গ্রেফতার হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। রামপুরা থানার মামলা নং-৪৮, তারিখ-১৯/০১/১৮খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় প্রথমে নিখোঁজ জিডি এন্ট্রি হয় এবং পরবর্তীতে ভিকটিমের লাশ পাওয়া গেলে অত্র হত্যা মামলাটি রুজু হয়। ভিকটিম বন্ধুদের সাথে মোটরসাইকেলে বেড়াতে গিয়ে দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে মারা গেছে বলে তদন্তে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। ওয়ারী থানার মামলা নং-১৬, তারিখ-১৯/০১/১৮খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, গাঁয়ে হলুদের অনুষ্ঠানে গান-বাজনার সাউন্ড কমানোর বিষয়কে কেন্দ্র করে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। মামলার ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ০২ জন প্রত্যক্ষদর্শী সাক্ষীর জবানবন্দি ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক বিজ্ঞ আদালতে লিপিবদ্ধ করানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) পলাতক অপর ০৩ জন আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। গেন্ডারিয়া থানার মামলা নং-৩১, তারিখ-২৬/০১/১৮খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ছিনতাইকারী কর্তৃক পথচারী ভিকটিম ইব্রাহীমকে ছুরিকাঘাত করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত আসামীদের গ্রেফতারের অভিযান অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। শেরেবাংলা নগর থানার মামলা নং-১৪, তারিখ-১৪/০১/১৮খ্রিঃ ধারা-৩২৮/৩৭৯/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি ভিকটিম সিএনজি চালককে নেশা জাতীয় দ্রব্য সেবন করিয়ে সিএনজি নিয়ে পালিয়ে যাওয়ার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০৪ জন আসামী গ্রেফতার করা হয়েছে। ০৪ জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। চুরি যাওয়া সিএনজিটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) পলাতক অপর আসামীকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। মিরপুর মডেল থানার মামলা নং-৩৩, তারিখ-১৯/০১/১৮খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, পরিত্যক্ত ভবনে মাদক নিয়ে দ্বন্দের জেরে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। মামলার ভিকটিম ও আসামী উভয়ই মাদকাসক্ত ও মাদক ব্যবসায়ী। মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) মামলার ঘটনাস্থলটি দীর্ঘদিন যাবৎ মাদকের আড্ডাস্থল হওয়া সত্বেও বিট অফিসারের নজরে না আসায় সংশ্লিষ্ট জোনাল এসি কর্তৃক বিট অফিসারকে শোকজ করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। মিরপুর মডেল থানার মামলা নং-৪৬, তারিখ-২৬/০১/১৮খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, হিজরাদের মধ্যে টাক পয়সা লেনদেনকে কেন্দ্র করে শিষ্য কর্তৃক গুরু হিজরাকে হত্যা করার ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। ভাষানটেক থানার মামলা নং-১৫, তারিখ-২৪/০১/১৮খ্রিঃ, ধারা-১৪৩/৩৪১/৩২৬/৩০২/১০৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, ভাড়ায় চালিত একটি রিক্সাকে কেন্দ্র করে পূর্ব বিরোধের জেরে অত্র হত্যাকান্ডটি সংঘটিত হয়। ঘটনায় জড়িত ০৬ জন আসামীকেই গ্রেফতার করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত রক্তমাখা রড জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের পরিহিত বস্ত্রের রক্ত ও জব্দকৃত রডের রক্তের ক্রসম্যাচিং করানোর নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। গুলশান থানার মামলা নং-০১, তারিখ-০১/০১/১৮খ্রিঃ, ধারা-৩২৪/৩২৬/৩০৭/৫০৬ পিসি পরবর্তীতে সংযোজিত ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি সাবেক প্রেমিক কর্তৃক ভিকটিমকে ছুরিকাঘাত করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে নড়াইল জেলা হতে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহিত হয়

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। বাড্ডা থানার মামলা নং-১৯, তারিখ-২৪/০১/১৮খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি শিশু নাহিন আহম্মেদ (০৭) কে খেলার জন্য ডেকে নিয়ে মাথায় ইট দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। শাহবাগ থানার মামলা নং-৫৩, তারিখ-২৮/০১/১৮খ্রিঃ ধারা-৩৯৫/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০১ জন আসামীকে হাতেনাতে এবং পরবর্তীতে অপর ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ডাকাতি যাওয়া সমুদয় টাকা উদ্ধার করা হয়েছে এবং ঘটনায় আসামীদের ব্যবহৃত মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত পলাতক আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। কদমতলী থানার মামলা নং-৪১, তারিখ-১৯/০১/১৮খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় কুমিল্লা ও নারায়ণগঞ্জ হতে মোট ০৫ জন আসামী গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৩ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। চকবাজার থানার মামলা নং-৩৩, তারিখ-২৮/০১/১৮খ্রিঃ ধারা-৩৯২/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামীকে ঘটনাস্থল হতে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে। ঘটনায় ব্যবহৃত চাকু জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। রামপুরা থানার মামলা নং-৩৭, তাং-২৪/০১/১৮খ্রিঃ ধারা-১৭০/৩৯২/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে ঘটনাস্থল হতে হাতেনাতে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। খিলগাঁও থানার মামলা নং-১৮, তাং-০৮/০১/১৮খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে টীম লীডার জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। খিলগাঁও থানার মামলা নং-১৯, তাং-০৯/০১/১৮খ্রিঃ, ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় সন্দিগ্ধ ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে ও অপর ০১ জন আসামীকে অত্র মামলায় শোন এরেস্ট দেখানো হয়েছে। এছাড়া অত্র মামলা তদন্তে উল্লেখযোগ্য কোনো অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত প্রকৃত আসামী গ্রেফতারসহ মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। মিরপুর থানার মামলা নং-২১, তাং-১০/০১/১৮খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় সন্দিগ্ধ ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া অত্র মামলা তদন্তে উল্লেখযোগ্য কোনো অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত প্রকৃত আসামী গ্রেফতারসহ মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। মিরপুর থানার মামলা নং-৫৩, তাং-৩০/০১/১৮খ্রিঃ ধারা-৩৯২/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি পিবিআই কর্তৃক তদন্তাধীন হওয়ায় সভায় কোন আলোচনা হয়নি।

২২। পল্টন মডেল থানার মামলা নং-১৫, তারিখ-১৪/০১/১৮খ্রিঃ ধারা-৩৪১/১৭০/৩৬৫/৩২৩/৩৭৯ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, ভিকটিম ও আসামীদের মধ্যে টাকা-পয়সা লেনদেনের সূত্র ধরে অত্র অপহরণ ঘটনাটি সংঘটিত হয়।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত প্রকৃত আসামী গ্রেফতারসহ মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। আদাবর থানার মামলা নং-২২, তারিখ-২৬/০১/১৮খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, র‌্যাব কর্তৃক অত্র মামলার ভিকটিমকে উদ্ধার এবং ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। রূপনগর থানার মামলা নং-১৯, তারিখ-১৯/০১/১৮খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/৩২৩/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, র‌্যাব কর্তৃক অত্র মামলার ভিকটিমকে উদ্ধার এবং ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। বিমানবন্দর থানার মামলা নং- ২৭, তারিখ-১৫/০১/১৮খ্রিঃ ধারা-৩৮৫/৩৬৫/১০৯/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, র‌্যাব কর্তৃক অত্র মামলার ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। মালশিয়ায় ভিকটিম উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) পলাতক অপর আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। চকবাজার থানার মামলা নং-২৯, তাং-২৫/০১/১৮খ্রিঃ ধারা-৯(৩)/৩০ ২০০০ সালের নাঃ শিঃ নিঃ দঃ আইন ২০০৩ ।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। মোহাম্মদপুর থানার মামলা নং-৯৪, তাং-২৭/০১/১৮খ্রিঃ ধারা- ২০০০ সালের নাঃ শিঃ নিঃ দঃ আইন (সংশোধনী-২০০৩) এর ৯(৩)

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। গুলশান থানার মামলা নং-২৯, তাং-২৯/০১/১৮খ্রিঃ ধারা-৯(৩) ২০০০ সালের নাঃ শিঃ নিঃ দঃ আইন ২০০৩

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, পুলিশের জরুরী সাহায্য সেবা ৯৯৯ এর ফোন কল পেয়ে অত্র মামলার ঘটনায় হাতে নাতে ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। থানায় এন্ট্রিকৃত সাধারণ ডায়রী সময়মত জোনাল অফিসে পৌছানোর নির্দেশ প্রদান করা হয়। এছাড়া এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় অপরাধ সভায় আলোচনার পরামর্শ দেওয়া হয়। সম্পত্তি সংক্রান্ত মামলা বিশেষ করে ডাকাতির ঘটনায় কোন ভাবেই এড়িয়ে না যাওয়ার নির্দেশ প্রদান করা হয়। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই/উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/ লালবাগ/ মতিঝিল/ ওয়ারী/ গুলশান/ মিরপুর/ তেজগাঁও/ উত্তরা বিভাগে গত **জানুয়ারী**/১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ২৮ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ০৫ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সংদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখ- -০২-২০১৮খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/নিউমার্কেট/ওয়ারী/খিলগাঁও/মতিঝিল/ শ্যামপুর/বিমানবন্দর/বাড্ডা/গুলশান/ পল্লবী/মিরপুর/তেজগাঁও/মোহাম্মদপুর) ডিএমপি, ঢাকা। } অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা। } অবগতির জন্য।
৭। অফিস নথি।

(কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd